আলমডাঙ্গায় কলেজিয়েট স্কুলের বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের পুরস্কার প্রাদান

আলমডাঙ্গা কলেজিয়েট স্কুলের অভিভাবক সমাবেশ ও বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের পুরস্কার প্রাদান করা হয়েছে।

গতকাল সকাল সাড়ে ১০ টার দিকে আলমডাঙ্গা সরকারি কলেজের হলরুমে সমাবেশে সভাপতিত্ব করেন আলমডাঙ্গা সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কৃষিবিদ গোলাম সরোয়ার।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। তিনি বলেন শিক্ষা জাতীর মেরুদন্ড। শিক্ষা অর্জন ছাড়া কোন জাতী অগ্রসর হতে পারে না। যে জাতি যত শিক্ষিত সে জাতী ততো উন্নত।

শিক্ষার্থীদের অভিভাবকদের উদ্দেশ্যে বলেন শুধু মাত্র জিপিএ-৫ পাওয়ার জন্য লেখাপড়া করলে হবে না, তোমাদের সত্যিকারের সুশিক্ষায় শিক্ষিত হতে হবে। স্বাধীনতার ৪৮ বছর পার হয়ে গেছে, জাতীর জনক বঙ্গবন্ধু সে স্বপ্ন দেখেছিল, সোনার বাংলা গড়ার, সেই সোনার বাংলার কারিগরের দায়িত্ব তোমাদের নিতে হবে।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহম্মদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সৈয়দ আশিকুর রহমান, সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল ওহাব, মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুর মহাম্মদ জকু, বনিক সমিতির সভাপতি আলহাজ্ব মকবুল হোসেন, সম্পাদক আলহাজ¦ মীর শফিকুল ইসলাম।

উপাধ্যক্ষ শামিম রেজার উপস্থানায় স্বাগত বক্তব্য রাখেন কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ জামসিদুল হক মুনি, অন্যদের মধ্যে উপস্থিত ছিল, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম, অভিভাবক মৎস কর্মকর্তা খন্দকার শহিদুর রহমান, সংগীত শিল্পি আতিক বিশ্বাসপ্রমুখ।

সভায় ২৩ জন বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের পুরস্কার প্রদান করা

হয়। অনুষ্টান শেষে মনজ্ঞ সাংস্কৃতিক অনুষ্টানের আয়োজন করা হয়।

- আলমডাঙ্গা প্রতিনিধি

কৃষকের অভিশাপে কাঁদাচ্ছে পেঁয়াজ

সারাদেশের মতো মেহেরপুর জেলাও পেঁয়াজ সংকটে জনগণের নাভিশ্বাস অবস্থা। কোনভাবেই পেয়াঁজের সংকট মেটানো সম্ভব হচ্ছেনা।

সরকারও এ নিয়ে দফায় দফায় আলোচনা বৈঠক করেও এ পর্যন্ত কোন সুরাহা করতে পারেনি পেয়াঁজ সংকটের। কয়েকদিন আগেও বানিজ্যমন্ত্রী বলেছিলেন পেঁয়াজের দাম এখনও নিয়ন্ত্রণে রয়েছে।

বাস্তবতা হচ্ছে মন্ত্রীর ঐ বক্তব্যের পরও থেমে নেই পেঁয়াজের মূল্যের উর্দ্ধগতি। এরই মধ্যে পেঁয়াজের কেজি প্রতি মূল্য ২শ’টাকা ছাড়িয়ে গেছে। এরপরও দাম কমবে কিনা তারও কোন সম্ভাবনা দেখা যাচ্ছেনা।

তবে সরকার পেঁয়াজের দাম মোটামুটি নাগালের ভিতরে আনতে বিভিন্ন দেশ থেকে আমদানি করার পদক্ষেপ ইতোমধ্যেই গ্রহন করেছেন। তারপরও পেঁয়াজের দাম কতটুতু সহনীয় পর্যায়ে আসবে তা এখনই বলা যাচ্ছেনা। যেখানে গত বছর এই সময় পেঁয়াজের দাম কেজি প্রতি ৫০ টাকার মতো ছিল কোন কোন জায়গায় দামের তারতম্য ছিল।

মেহেরপুর জেলার কৃষকরা বিশেষ করে মুজিবনগর উপজেলার আনন্দবাস, টেংরামাড়ি, শ্যমাপুর একই জেলার গাংনী উপজেলার সাহারবাটি গ্রামেও অনেকে পেঁয়াজের আবাদ করেছিলেন। সে সময় পেঁয়াজের ফলন বেশ ভাল হয়েছিল বলা যায় বাম্পার ফলন হয়েছিল।
গতবছর মেহেরপুরের কৃষকরা প্রথম দিকে পেঁয়াজ ফলন করে লাভের মুখ দেখলেও পরে তা তাদের লোকসানের দিকে নিয়ে যায়। গত বছর পেঁয়াজ সংকটের শুরুতে সরকার ভারত ও অন্যান্য দেশ থেকে পেঁয়াজ আমদানি করার ফলে দেশের পেঁয়াজ চাষিরা লোকসানের মুখে পড়ে যায়। লোকসান

সংকট এখনও বুঝতে পারিনি। সপ্তাহ খানেক পরে আমাদেরই পেঁয়াজ কিনে খেতে হবে। এ নিয়েও তার মতো অনেক কৃষকও চিন্তিত বলে জানান।

- এ সিদ্দিকী শাহীন

মালয়েশিয়া প্রবাসী নাসির উদ্দিনের লাশের দাফন সম্পন্ন

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার কুলপালা গ্রামের মালয়েশিয়া প্রবাসী নাসির উদ্দিনের লাশ নিজ গ্রামে দাফন সম্পন্ন হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ১০ টার সময় জানাজা কুলপালা সরকারি প্রাইমারি স্কুল মাঠে তার জানাজা শেষে মৃত নাসির উদ্দিনের লাশ স্থানীয় কবর স্থানে দাফন করা হয়।
এর আগে তার লাশ কুলপালা গ্রামে পৌঁছালে এলাকায় শোকের ছায়া নেমে আসে।

নাসিরউদ্দিনের লাশ দেখে সহ্য করতে না পেরে তার বাবা শাকেন সর্দার হৃদ রোগে আক্রান্ত হয়ে অসুস্থ হয়ে পড়েন। তাকে দ্রæত উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়।
প্রসঙ্গত ৮ নভেম্বর নাসিরউদ্দিন মালয়েশিয়াতে হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যায়।

- চিৎলা প্রতিনিধি

গাংনীতে যত্রতত্র গড়ে উঠেছে

স’মিল ঘটছে দূর্ঘটনা

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন স্থানে যত্রতত্র গড়ে উঠেছে কাঠ ফাড়াই এর মিল। পরিবেশ দুষনের পাশা পাশি ঘটছে মারাত্মক দূর্ঘটনা। পরিবেশ আইনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে দিনের পর দিন গড়ে উঠছে এ ধরণের স’মিল।

এ উপজেলায় প্রায় ২৫টি স’মিল রয়েছে যার একটিরও কোন লাইসেন্স নেই বলে একটি নির্ভরযোগ্য সুত্রে জানা গেছে।

নীয়মানুযায়ি জনবসতি, বসতবাড়ি, হাসপাতাল, ক্লিনিক, শিক্ষা প্রতিষ্ঠান ও যেকোন সড়ক থেকে অন্তত ২শ’ মিটার দুরে স’মিল গড়ে তোলার নিয়ম থাকলেও সে নীয়ম না মেনেই প্রশাসনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে যত্রতত্র গড়ে উঠেছে এসমস্ত স’মিল।

সরেজমিনে দেখা যায়, গাংনী-কুষ্টিয়া প্রধান সড়কের ধারে গাংনী বাজারের সন্নিকটে রাজা ক্লিনিক ও মোক্তারিয়া হাফেজিয়া মাদ্রাসার সামনে এবং কয়েক’শ পরিবারের বসবাস এর আশপাশেই অনেক বছর ধরেই স’মিলের ব্যবসা চলমান রয়েছে।

এছাড়াও মেহেরপুর-কুষ্টিয়ার প্রধান সড়ক তেরাইল কলেজের একেবারেই বিপরীত দিকে রাস্তা সংলগ্নে বেশ কয়েক বছর ধরে স’মিলের ব্যবসা করে আসছেন একজন ব্যবসায়ী। সেখানে দেখা যায় প্রধান সড়কের ধারেই গাছ কেটে ফেলে রাখা হয়েছে। প্রধান সড়ক জুড়েই দাড়িয়ে আছে অবৈধযান আলগামন কাটা গাছ গুলি সেখানে আনলোড করার জন্য। এতে করে শব্দ র্দূষণ সহ পরিবেশের উপর নেতিবাচক প্রভাব পড়ছে। এছাড়াও প্রতিনিয়ত ঘটছে সড়ক দূর্ঘটনা।

খোঁজ নিয়ে দেখা গেছে স’মিল মালিকরা দীর্ঘ দিন ধরে পরিবেশ ছাড়পত্র এমনকি কোন প্রকার লাইসেন্স ছাড়াই প্রশাসনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে ব্যাবসা করে আসছিল। এর মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের তৎপরতায় কয়েকজন লাইসেন্স করেছেন বলে জানা গেছে।

জানতে চাইলে এক ব্যাবসায়ী বলেন লাইসেন্স করা অনেক ঝামেলার ব্যাপার তাই লাইসেন্স করার উপর আমাদের আগ্রহ থাকেনা। লাইসেন্স এর বিষয়টি সহজ করলে লাইসেন্স করা আমাদের জন্য কোন সমস্যা নয়। রাস্তা বা জনবসতির কাছাকাছি স’মিলের কার্যক্রম বিষয়ে জানতে চাইলে

নাম প্রকাশে অনিচ্ছুক এক ব্যাবসায়ী বলেন এসব বিষয় নিয়ে কেউ কোন কথা বলেনা তাই এভাবেই করে যাচ্ছি।

মেহেরপুর বন বিভাগের ভার-প্রাপ্ত কর্মকর্তা মো: জাফর উল্লাহ জানান, গত দু’মাস আগে মাত্র চারজন লাইসেন্স করেছেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান জানান, স’মিল মালিকদেরকে কিছুদিন আগে সতর্ক করা হয়েছে লাইসেন্স এর জন্য এর মধ্যে কয়েকজন করেছে বাকিদের জন্য সময় বাড়িয়ে দিলেও তারা তা করতে পারেনি বা করেনি। পরে খোঁজ নিয়ে দেখে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যাবস্থা নেওয়া হবে।

- এ সিদ্দিকি শাহীন,গাংনী প্রতিনিধি

ট্রেন দুর্ঘটনা: মা হারানো সেই শিশু মাহিমার দায়িত্ব নিলেন উপমন্ত্রী শামীম

ব্রাহ্মণবাড়িয়ার কসবায় রেল দুর্ঘটনায় নিহত শরীয়তপুরের ভেদরগঞ্জ উপজেলার তিনজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন শিশুসহ তিনজন। আহতদের মধ্যে শিশু মাহিমার (৩) চিকিৎসার দায়িত্ব নিয়েছেন পানিসম্পদ উপমন্ত্রী এনামুল হক শামীম।

নিহতরা হলেন, ভেদরগঞ্জ উপজেলার আরশিনগর ইউনিয়নের মাদবর কান্দির বাসিন্দা অলু হাওলাদারের মেয়ে কাকলী বেগম (২২), পার্শ্ববর্তী জালালপুর ইউনিয়নের বাসিন্দা কাকলী বেগমের মামী শাশুড়ি আমাতন বেগম (৪৫), আমাতন বেগমের মেয়ে মরিয়ম (৪)।

এছাড়া ঘটনায় কাকলী বেগমের মেয়ে শিশু মাহিমা (৩), শাশুড়ি রাহিমা বেগম (৪৫), মামা শ্বশুর জাহাঙ্গীর মিয়া (৫০) গুরুতর আহত অবস্থায় রাজধানীর বিভিন্ন হাসপাতালে ভর্তি রয়েছেন।

কাকলীর পরিবারের সদস্যরা জানায়, গতকাল বুধবার সিলেটের হযরত

শাহজালাল (র) এর মাজার জিয়ারত করতে যান কাকলী, তার মেয়ে, শাশুড়ি, মামা শ্বশুর, মামী শাশুড়ি ও মামা শ্বশুরের মেয়ে মরিয়ম। কিন্তু ঘূর্ণিঝড় বুলবুলের কারণে তারা বাড়ি ফিরতে না পারায় সিলেটে তাদের এক আত্মীয়র বাড়িতে বেড়াতে গিয়েছিলেন তারা।

সেখানে ৪ দিন থাকার পর সোমবার রাতে ট্রেনে বাড়ির উদ্দেশ্যে রওয়ানা করে তারা। গত মঙ্গলবার ভোররাতে ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলায় তাদের বহনকারী ট্রেনটির সঙ্গে বিপরীত দিক থেকে আসা আরেকটি ট্রেনের মুখোমুখি সংঘর্ষ হয়।

এতে বহু হতাহতের ঘটনা ঘটে। তাদের মধ্যে শরীয়তপুরের তিনজন নিহত ও শিশু মাহিমাসহ তিনজন আহত হয়েছেন। আহতরা ঢাকার বিভিন্ন হাসপাতালে ভর্তি রয়েছেন। নিহতদের লাশ এনে ভেদরগঞ্জে দাফন করা হয়েছে।

উপমন্ত্রী এনামুল হক শামীমের ব্যক্তিগত সহকারী (পিএস) শিপন শিকদার জানান, বুধবার সকালে সিএমএইচে শিশু মাহিমাকে দেখতে যান উপমন্ত্রী এনামুল হক শামীম। তিনি তার চিকিৎসার খোঁজখবর নেন।

শিপন শিকদার আরও জানান, শিশু মাহিমার চিকিৎসার দায়িত্ব নিয়েছেন উপমন্ত্রী। এছাড়া শিশুটির পরিবারের পাশে থাকার ঘোষণা দেন এনামুল হক শামীম।

আরশিনগর ইউনিয়নের চেয়ারম্যান শামছুজ্জোহা রতন জানান, শিশু মাহিমা রাজধানীর সিএমএইচে ভর্তি রয়েছে। তার চিকিৎসার দায়িত্ব নিয়েছেন স্থানীয় এমপি ও পানিসম্পদ উপমন্ত্রী এনামুল হক শামীম।

ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন ভেদরগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা তানভীর আল নাফিস।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে শিক্ষকের বিরুদ্ধে

শিশু ও নারী নির্যতনের অভিযোগ, কোর্টে মামলা দায়ের

মেহেরপুরের গাংনী সরকারি বালিকা বিদ্যালয়ের এক শিক্ষকের বিরুদ্ধে শিশু ও নারী নির্যাতনের অভিযোগ করেছেন গৃহবধু মাফরোজা খাতুন (৩৩)।

মাফরোজা খাতুন গাংনী পৌর এলাকার ৪ নং ওয়ার্ডের কৃষক রমজান আলির মেয়ে।

নির্যাতনের শিকার মাফরোজা খাতুন জানান, ২০১৭ সালের নভেম্বর মাসের ২৪ তারিখে মেহেরপুরের মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ গ্রামের মৃত ইছাহক আলীর ছেলে মো: আতিউল ইসলাম (৪০) এর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। অভিযুক্ত আতিউল ইসলাম গাংনী সরকারি বালিকা বিদ্যালয়ের শিক্ষক।

বিয়ের কিছু দিন পরেই যৌতুকের দাবিতে সে গৃহবধু মাফরোজার উপর মানসিক ও শারীরিক নির্যাতন করতে থাকে বলে অভিযোগ করেন গৃহবধু। শিক্ষক স্বামীর দাবি পূরণে ব্যর্থ হলে নির্যাতনের মাত্রা বাড়তে থাকে বলেও তিনি জানান।

গৃহবধু আরও জানান প্রায় ৬ মাস শারীরিকভাবে নির্যাতন করে গর্ভে থাকা ৪ মাসের বাচ্চা নষ্ট করে দেয়। এর পরও গৃহবধু এসব নির্যাতন সহ্য করেও শিক্ষক আলিউলের সাথে সংসার করতে থাকে বলে জানান।

এর পরও তার যৌতুকের লোভ রয়েই গেছে। যৌতুকের লোভে তার নির্যাতনের মাত্রা বাড়তেই থাকে। সর্বশেষ চলতি মাসে (০২-১১-২০১৯ ইং) সকাল ৮টার দিকে ২ কাঠা জমি লিখে দেওয়ার জন্য গৃহবধুকে ঘরের ভিতরে আটকে রাখে বলে তিনি জানান।

পরে অনেক কাকুতি মিনতি করলেও অভিযুক্ত শিক্ষক আতিউল ইসলাম তার পরিবারের লোকজন নিয়ে পিটিয়ে রক্তাক্ত জখম করে বলে গৃহ বধু অভিযোগ করেন। পরে অনেক অনুরোধ করলেও গৃহবধুকে ঐ দিনই বাড়ি থেকে বের করে দেয়। পরে তিনি প্রাণ বাঁচাতে বাবার বাড়ি গাংনীতে চলে আসলে পরিবারের লোকজন আহতাবস্থায় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে চিকিৎসা দেন।

গৃহবধু মাফরোজা খাতুন সাংবাদিকদের জানান, আতিউল ইসলাম এর আগেও ৫টি বিয়ে করেছে এবং সকলের সাথেই তিনি এমন আচরণ করেন। তিনি বলেন, বিভিন্ন জায়গায় সে নাম মাত্র দেনমোহরে বিয়ে করে এবং তালাক দেয়।

অভিযুক্ত শিক্ষকের বিয়ের তালিকায় তার আপন মামাতো বোনরাও রয়েছে বলে তিনি অভিযোগ করেন। গৃহবধু বলেন কোন বউ এর সাথে শিক্ষক ভাল আচরণ করেনা প্রত্যেকের সাথেই নাম মাত্র দেনমোহরে কাবিন করে এবং পরে বিভিন্ন তালবাহানা করে তালাক দিয়ে দেয়।

তিনি বলেন দামুড়হুদাতে বিয়ে করে ৬ মাস পরে তালাক হয়ে যায়, মানিকনগরে বিয়ে করে ১বছরের মাথায় সেখানে বিচ্ছেদ হয় এর পরে যশোরে বিয়ে করে সেখানে ৩ বছর সংসার করে এরপর কেদারগঞ্জে বিয়ে করে ১বছরের মাথায় বিচ্ছেদ হয় পরে দামুড়হুদাতে বিয়ে করে এখানেও ১ বছরের মাথায় বিচ্ছেদ ঘটানোর পর নির্যাতিত অভিযোগকারি এই গৃহবধুকে বিয়ে করে বলে তিনি জানান।

নির্যাতনের বিষয়ে মেহেরপুর কোর্টে নারী ও শিশু নির্যাতন দমণ আইনে শিক্ষক মো: আতিউল ইসলাম সহ আরও দুইজনের নামে মামলা হয়েছে।

এই বিষয়ে জানতে চাইলে শিক্ষক আতিউল ইসলাম বলেন, তার ঐ অভিযোগ বা কোর্টে যে মামলা করেছে সম্পূর্ণ মিথ্যার উপর করেছে। আমার পরিবারের অন্যান্য সদস্য এমনকি আমার মায়ের জন্য টাকা খরচ হলে মাফরোজা উত্তেজিত হয়ে ওঠে। এ নিয়ে ঘটনার দিন বাকবির্তকতার এক পর্যায়ে আমার স্ত্রী আমাকে মারতে গেলে ধাক্কা লেগে পড়ে গিয়ে হয়তো আহত হতে পারে।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন খোঁজ খবর নেওয়ার আগেই সে ফোনে হুমকি দেয়। একাধিক বিয়ে প্রসঙ্গে বলেন, সমাজে আমাকে হেয় প্রতিপন্ন করার জন্য এসব মিথ্যা রটনা সে করে যাচ্ছে।

- গাংনী প্রতিনিধি

প্রকাশিত সংবাদ প্রসঙ্গে প্রেস বিজ্ঞপ্তি

গত মঙ্গলবার ১২-১১-২০১৯ তারিখে “গাংনীর এক শিক্ষক রাজনৈতিক চক্রান্তের শিকার” শিরোনামে মেহেরপুর প্রতিদিন পত্রিকায় একটি সংবাদ প্রকাশিত হয়। প্রকাশিত এই সংবাদ প্রসঙ্গে গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মো: বিপ্লব হোসেন স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছেন।

প্রেসবিজ্ঞপ্তিতে তিনি জানিয়েছেন, প্রথমত সে শিক্ষক নন সে একজন কেরানি এবং স্বাধীনতা চেতনা বিরোধী মতবাদে বিশ্বাসী এবং সে রাইপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক। সে তার ছাত্র জীবন থেকে কোন দিনই বঙ্গবন্ধুর আদর্শে এবং স্বাধীনতা স্বপক্ষের লোক ছিল না।

আওয়ামী লীগ সরকার যখন ২০০৮ সালে ক্ষমতায় আসে, তখন রাইপুর ইউনিয়ন তথা হাড়িয়াদহ গ্রামের মুজিব আদর্শের মানুষের রোষানলে পড়ে এবং গাংনীর চৌগাছা গ্রামে চলে আসে। এখানে এসেও সে আগের মতোই আওয়ামী লীগের নিরীহ নেতা কর্মীর উপর অন্যায় অত্যাচার অব্যাহত রেখেছে।

প্রতিবেদকের বক্তব্য, সংবাদটি প্রকাশ করার ক্ষেত্রে কয়েক জন আওয়ামী লীগ নেতা ও শিক্ষক পরিচয় দেওয়া কেরানী আব্দুল আলিমের বক্তব্য নেওয়া হয়।

১৭ই নভেম্বর থেকে কুষ্টিয়ায় শুরু হচ্ছে ৪ দিন ব্যাপী আয়কর

মেলা

‘কর প্রদানে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ, নিশ্চিত হোক রূপকল্প বাস্তবায়ন’ – এই স্লোগানকে সামনে রেখে জাতীয় রাজস্ব বোর্ডের তত্ত্বাবধানে কর অঞ্চল - খুলনার অধীনে উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল -১৮ (বৈতনিক), কুষ্টিয়ার উদ্দোগে আগামী ১৭ থেকে ২০ নভেম্বর, ২০১৯ চারদিনব্যাপী আয়কর মেলা শুরু হতে যাচ্ছে।

কুষ্টিয়া পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত এই মেলার উদ্বোধন করবেন প্রধান অতিথি হিসেবে কুষ্টিয়ার জেলা প্রশাসক জনাব মো: আসলাম হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পুলিশ সুপার এস. এম তানভীর আরাফাত, জেলা পরিষদ চেয়ারম্যান হাজী মো: রবিউল ইসলাম, সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান আতাউর রহমান আতা, আয়কর উপদেষ্টা এডভোকেট আলাউদ্দিন আহমেদ।

সভাপতিত্ব করবেন যুগ্ম কর কমিশনার মোহাম্মদ তারিক ইকবাল। উক্ত মেলায় সবাইকে অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানিয়েছেন উপ-কর কমিশনার জনাব মো: মতিউর রহমান। উক্ত মেলায় আয়কর দাতাগণ যেসব সুবিধাগুলি পাবেন:

আয়কর রিটার্ন দাখিল, ঞওঘ রেজিস্ট্রেশন, নতুন করদাতাদের ঞওঘ সনদপত্র প্রদান, আয়কর অধিক্ষেত্র সম্পর্কে জানতে পারবেন, আয়কর রিটার্ন ফর্ম কিভাবে পূরণ করতে হয়, ব্যাংক বুথে আয়কর প্রদানের সুবিধাগুলি পাওয়া যাবে।

-কুষ্টিয়া প্রতিনিধি

আলমডাঙ্গা উপজেলার হারদী ইউনিয়নের ৬ টি স্থগিত কমিটির

নাম ঘোষণা

আলমডাঙ্গা উপজেলার হারদী ইউনিয়নের ৬টি স্থগিত কমিটির নাম ঘোষণা কল্পে উপজেলা আওয়ামী লীগ দলীয় কার্যালয়ে হারদী ইউনিয়ন নেতৃবৃন্দের উপস্থিতিতে ৬ টি ওয়ার্ড কমিটির সভাপতি, সম্পাদকের নাম ঘোষণা করেন হাসান কাদীর গনু।

গতকাল বেলা ১১ টার দিকে আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি পৌর মেয়র হাসান কাদীর গনুর সভাপতিত্বে ও ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক ইয়াকুব আলীর পরিচালনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন হারদী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুক্তিযোদ্ধা আব্দুস সামাদ, সম্পাদক আইনাল হক, উপজেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানব সম্পদ সম্পাদক আব্দুর রউফ শিলু, ইউনিয়ন সহ- সভাপতি আব্দুল হামিদ, মজিবর রহমান, সদস্য আশিকুজ্জামান ডাবলু প্রমুখ।

সভায় উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদীর গনু ইউনিয়ন কমিটির সাথে আলোচনা করে সর্বসম্মতি ক্রমে ৩ নং ওয়ার্ডে আবু বক্কর কে সভাপতি, লিয়াকত আলী কে সম্পাদক করে ওয়ার্ড কমিটি, ৪ নং ওয়ার্ডে আব্দুল গাফ্ফার কে সভাপতি, শামশুল হক কে সম্পাদক করে ৪ নং ওয়ার্ড, ৫ নং ওয়ার্ডে তানসেন আলীকে সভাপতি, খন্দকার কবিরকে সম্পাদক করে ৫ নং ওয়ার্ড, ৬ নং ওয়ার্ডে আহাদ আলীকে সভাপতি, আবুল হোসেন কে সম্পাদক করে ৬ নং ওয়ার্ড, ৭ নং ওয়ার্ডে শুকুর আলীকে সভাপতি, মিজানুর রহমান মিন্টু ৭ নং ওয়ার্ড, ৮ নং ওয়ার্ডে শাহাবুলকে সভাপতি, ময়নুল হক কে সম্পাদক করে মোট ৬ টি ওয়ার্ড কমিটি ঘোষনা করেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদীর গনু।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় ৬ মাসের

সাজাপ্রাপ্ত পলাতক আসামি গ্রেপ্তার

আলমডাঙ্গা থানা পুলিশ অভিযান চালিয়ে কলেজ পাড়া থেকে ৬ মাসের সাজাপ্রাপ্ত পলাতক আসামি ঝন্টু বিশ্বাসকে গ্রেপ্তার করেছে।

গতকাল বেলা ১১টার দিকে থানা অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমানের নেতৃত্বে এস আই জিয়াউর রহমান ও এ এস আই হামিদুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ আলমডাঙ্গা কলেজ পাড়ার মৃত নরেন্দ্র কুমার বিশ্বাসের ছেলে ঝন্টু বিশ্বাসকে তার বাড়ি থেকে আটক করেছে।

তার বিরুদ্ধে ৬ মাসের সাজা, ১ টি জিআর সহ মোট ৬টি ওয়ারেন্ট ভুক্ত মামলা আছে। ঝন্টু বিশ্বাসকে আজ চুয়াডাঙ্গা আদালতে সোপর্দ করা হবে।

- আলমডাঙ্গা প্রতিনিধি